

বিটা সংস্করণ

## কালের কন্ঠ

● ফনেটিক ● ইউনিজয়

ঢাকা, মঙ্গলবার ৪ মার্চ ২০১৪, ২০ ফাল্গুন ১৪২০, ২ জমাদিউল আউয়াল ১৪৩৫

আজকের পত্রিকা অনলাইন ফিচার সম্পাদকীয় খেলা এক নজরে ই-পেপার ফটো গ্যালারি বিজ্ঞাপন

সর্বশেষ খেলাধুলা বিশ্বকাপের আগে নিজেদের প্রমাণের শেষ সুযোগ পাচ্ছে দলগুলো ( ০৪ মার্চ ২০১৪ ১৭:৩৫ )

হোম / অনলাইন / তথ্যপ্রযুক্তি

প্রকাশ : ২৪ ফেব্রুয়ারি, ২০১৪ ১০:১১:২১

দেশের প্রথম কম্পিউটার গেমস হাতিরঝিল ড্রিমস বিগেনস

কালের কন্ঠ অনলাইন

শেয়ার - মন্তব্য (32) - প্রিন্ট



অ অ- অ+

হাতিরঝিল দেখতে যাননি এমন কোনো ঢাকাবাসী বোধ হয় খুঁজে পাওয়া যাবে না। শুধু ঢাকাই নয়, দেশের প্রত্যন্ত অঞ্চল থেকেও মানুষ আসে হাতিরঝিল দেখতে। কারো কাছে হাতিরঝিল সপ্তাহ শেষের একটু বিনোদনের নাম। কারো কাছে হাতিরঝিল একটি অনুপ্রেরণার নাম। কেউ বা হাতিরঝিলকে নিয়ে বাস্তব থেকে অনেক দূরে স্বপ্নের জাল বোনে আর প্রত্যয়ে-অহংকারে-দীপ্তিতে উজ্জ্বল হয়। কারো কাছে এই ভাবনাও উঁকি দেয়, হাতিরঝিল যখন বানাতে পেরেছি নিজস্ব উদ্যোগে, নিজস্ব প্রযুক্তিতে, তখন আরো বড় কিছু বানাতে পারব। তেমনই এক তরুণদল হাতিরঝিলকে নিয়ে স্বপ্নের জাল বুনতে শুরু করে। এবং সে স্বপ্ন বাকিদের মাঝে ছড়িয়ে দেওয়ার জন্য তারা বানিয়ে ফেলল একটি কম্পিউটার ভিডিও গেম সিরিজ, উদ্দেশ্য, এ দেশের অহংকার, শিল্প, সংস্কৃতি তুলে ধরা নতুন প্রজন্মের মাঝে। আমাদের দেশের এক বিশাল সংখ্যক শিশুই বেড়ে উঠে অ্যাংরিবার্ড বা বেটেল ফিল্ড এর মত গেমস খেলে। এটা যেন সবাই ধরেই নিয়েছে আমাদের শিশুরা বেড়ে উঠবে ডুম আর বেটেল ফিল্ড এর মত গেমসে, আর হিন্দিতে ডাবিং করা ডরিমন ও মিকি মাউস দেখে।

## এ সংক্রান্ত আরো খবর



২০১৩ সালের সেরা ১০ মোবাইল গেমস



২০১৩ সালের সেরা ১০ গেমস

গেমস রাজা

বাংলাদেশ গেমসে আলোকিত বছর

## তথ্যপ্রযুক্তি - এর আরো খবর



আসছে উত্তম-সুচিত্রা অ্যান্ড্রয়েড অ্যাপস



কেমন দেখতে চান মাইক্রোসফটের উইন্ডোজ ৯?



উইন্ডোজে ম্যাসেঞ্জার ব্যবহার বন্ধ করছে ফেসবুক




বাজার দখলে ফ্রি উইন্ডোজ আনছে মাইক্রোসফট!



ইয়াহু ওয়েবক্যাম থেকে গোপনে লাথো মানুষের ছবি সংগ্রহ করেছে গোয়েন্দারা

উপরে



কম্পিউটার ভিডিও গেমস কি শুধু শিশুদের খেলার উপকরণ? মোটেই না, সারা বিশ্বের মত আমাদের দেশেও অধিকাংশ গেমস এর খেলোয়াড়ই কিশোর এবং যুবক। কম্পিউটার গেমস খেলায় মধ্যবয়সী বা বুড়োরাও কম যান না। এই বাস্তবতাকে সামনে রেখে একদল তরুণ একরাশ স্বপ্ন নিয়ে নিরন্তর কাজ করে যাচ্ছে নতুন করে বাংলাদেশের কম্পিউটার ভিডিও গেমস এর ইতিহাস লেখার জন্য। তারা এই নির্মাণ করে চলেছে হাতিরঝিল নামের বিশাল এক কম্পিউটার গেমস সিরিজ, যার প্রথম গেমস হাতিরঝিল ড্রিমস বিগেনস এখন শুধু উদ্ভোধনের অপেক্ষায়।

স্বপ্ন আর বাস্তব কোনটি মুখ্য? কেউ বলবে বাস্তবই মুখ্য আবার কেউ বা বলবেন স্বপ্ন, কারণ স্বপ্ন মানুষকে বাঁচিয়ে রাখে, ভবিষ্যৎ নির্মাণে মানুষকে অনুপ্রেরণা দেয়। স্বপ্ন না থাকলে আজ আমরা উড়োজাহাজ বা জাহাজ কিছই দেখতাম না। একসময় মানুষ স্বপ্ন দেখেছে আকাশে উড়বে বলে, সেই স্বপ্নই তাকে প্রেরণা যুগিয়েছে সত্যিকারের আকাশে উড়ার জন্য। যুগে যুগে স্বপ্নই সভ্যতার বিনির্মাণে অগ্রণী থেকেছে। অতএব স্বপ্নই মুখ্য।



হাতিরঝিল পুরো গেমসের ডিজাইন করা হয়েছে এই স্বপ্ন আর বাস্তবতার মিশ্রণে। সভ্যতার বিকাশে আজ যেমন মানুষের দুর্দমনীয় গতি মাটিতে, আকাশে ও পানিতে তেমন-ই হাতিরঝিলও নির্মিত হয়েছে এই তিন উপকরণকে মাথায় রেখে, তথ্যপ্রযুক্তির এই যুগে নতুন মাত্রা হিসাবে যোগ হয়েছে স্বপ্ন যার মূল চালকের আসলে বসে আছে। বিনোদন, রোমাঞ্চকর, ভায়োলেন্স এই তিনই থাকে কম্পিউটার গেমসের উপজীব্য। পুরো পরিবারকে নিয়ে উপভোগের মত গেমস খুব বেশি খুঁজে পাওয়া যাবে না। হাতিরঝিল এ ক্ষেত্রে ব্যতিক্রম উদ্যোগ।

পুরো গেমসটি নির্মিত হয়েছে পরিবারের বিনোদনের কথা মাথায় রেখে। বাস্তবের হাতিরঝিল যেমন ছেলে, বুড়ো, শিশু বা কিশোরদের সবার বিনোদনের জায়গা, তেমনি হাতিরঝিল ড্রিমস বিগেনস গেমসটিতেও সকল বয়সের সকল মানুষের স্বপ্ন আর বিনোদনের মাধ্যম। মোট ৩১ পর্বের গেমসে থাকবে এক বিশাল বাস্তব আর স্বপ্নের জগত যা আমাদের মনে করিয়ে দেবে আমাদের আগামী দিনের স্বপ্ন আর সম্ভাবনার কথা।



কম্পিউটার গেমস যে এক গবেষণার ফসল, যাতে গল্প আর কৌশলকে মাধ্যম করে বিনোদন দেওয়া যায় তাই প্রমাণ করেছে ম্যাসিভ স্টার স্টেডিও লিমিটেডের তরুণ গেমস নির্মাতাদল। আর এর পৃষ্ঠপোষকতা করেছে বাংলাদেশের বহু খ্যাতিসম্পন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহ।

এখন গবেষণা চলছে গেমস কি করে আমাদের সংস্কৃতি ও ইতিহাস শিক্ষার মাধ্যম হতে পারে। এ ব্যাপারে গেমস নির্মাতা দলের প্রধান গবেষক এবং ম্যাসিভ স্টার স্টেডিও লিমিটেডের সিইও এস এম মাহাবুব আলম জানালেন তার এক অভিনব কর্মসূচির কথা- যেখানে সারা বাংলাদেশের ৪০০ স্কুল এবং কলেজের ৮০ হাজার ছাত্র-ছাত্রী গেমস নির্মাণের কলা-কৌশল হাতেখড়ি পাবে। তারাই রচনা করবে আগামী জন নতুন ইতিহাস, আর একই সাথে গড়বে নিজেদের ক্যারিয়ার।



1.6k	1043	1	3	2	0	0	1080
Like	Google +	Digg	Blogger				

মন্তব্য

উপরে